তারিখ ... ২৫।৪।৭৪ ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৫ ...



দৈনিক বাংলা

# বিশ্ব শিক্ষক সম্মেলনে : বাংলাদেশের প্রস্তাব গৃহীত

জাকার্তায় অনুষ্ঠিত বিশ্ব শিক্ষক সংঘের ২৭তম সম্মেলনে বাংলাদেশের প্রতিনিধিত্ব করে বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির মহাসম্পাদক অধ্যাপক এম শরিফুল ইসলাম সম্প্রতি দেশে ফিরেছেন।

ইউনেস্কো, আইএলও, ইউএনডিপি, ইফেটো, বিশ্ব ব্যাংক, আভৌ, এশিয়া ফাউন্ডেশনসহ বিভিন্ন আন্তর্জাতিক সংস্থাসহ বিশ্বের ৮০টি দেশের প্রায় সাত শ' প্রতিনিধি এই সম্মেলনে যোগ দেন। সম্মেলনের মূল বক্তব্য ছিল 'আগামী দিনের বিশ্বে শিক্ষকতা পেশা'।

ইন্দোনেশিয়ার প্রেসিডেন্ট সুহার্তো সনাতনী প্রথায় তিনবার ড্রাম পিটিয়ে সম্মেলন উদ্বোধন করেন। এ খবর প্রেস বিজ্ঞপ্তির।

৯ দিনব্যাপী এই সম্মেলনে ১০টি অধিবেশন অনুষ্ঠিত হয়। ইউনেস্কো ও আইএলও'র সুপারিশের আলোকে শিক্ষকদের চাকুরির শর্ত ও পদমর্যাদা, বেতন সম্পর্কে ইউনেস্কো ও আইএলও'র যুক্ত রিপোর্ট, নারী-শিক্ষা, ১৯৭৯ সালে বিশ্ব শিশুবর্ষ উদযাপন প্রভৃতি বিষয়ে আলোচনা হয়। এছাড়া বিশ্ব শিক্ষক সংঘের সভাপতি, সহ-সভাপতি ও ৪ জন কার্যকরী সদস্য নির্বাচন করা হয়।

বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির মহাসম্পাদক এম শরিফুল ইসলাম বিভিন্ন অধিবেশনের আলোচনায় অংশগ্রহণ করেন। তিনি বাংলাদেশের শিক্ষাব্যবস্থা ও শিক্ষকতা পেশার বর্তমান অবস্থা সম্পর্কে আলোচনা করেন। তিনি শিক্ষকদের পেশাগত মর্যাদা ও চাকরির শর্ত সম্পর্কে যে প্রস্তাব উত্থাপন করেন, তা সম্মেলনে গৃহীত হয়।

অধ্যাপক ইসলাম স্বদেশ প্রত্যাবর্তনের পথে মালয়েশিয়ার ক্যালং শহরে অনুষ্ঠিত নেতৃত্ব প্রশিক্ষণ সম্পর্কিত এক ওয়ার্কশপে যোগদান করেন।

তিনি সিঙ্গাপুর ও থাইল্যান্ডও সফর করেন।